

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

৫০তম বি.সি.এস. লিখিত
পরীক্ষার প্রতিবন্ধী প্রার্থীদের
জন্য শ্রুতিলেখক নিয়োগ

নম্বর: ৮০.০০.০০০০.২০০.৭৩.০১১.২৬-১৩৮

তারিখ: ১১ ফাল্গুন ১৪৩২
১৫ ফেব্রুয়ারি ২০২৬


প্রেস বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৯.০৪.২০২৬ তারিখ থেকে '৫০তম বি.সি.এস.-২০২৫' এর লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষায় যে সকল প্রতিবন্ধী প্রার্থীর শ্রুতিলেখক প্রয়োজন তাদের চাহিদা অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশন হতে শ্রুতিলেখক নিয়োগ করা হবে। শ্রুতিলেখকের চাহিদা জানিয়ে সংশ্লিষ্ট প্রতিবন্ধী প্রার্থীদের আগামী ১০.০৩.২০২৬ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা বরাবর আবেদন করার জন্য অনুরোধ করা যাচ্ছে। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবে:

- ক. অনলাইন আবেদনপত্রের (BPSC Form-1) কপি;
- খ. প্রার্থীর ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;
- গ. প্রতিবন্ধিতার স্বপক্ষে সমাজসেবা অধিদপ্তর থেকে প্রদত্ত সনদ/ সুবর্ণ নাগরিক সনদ;
- ঘ. সংশ্লিষ্ট প্রতিবন্ধিতার বিষয়ে বিশেষায়িত চিকিৎসকের প্রত্যয়নপত্র (যেমন: দৃষ্টি প্রতিবন্ধিতার ক্ষেত্রে চক্ষু চিকিৎসক, শ্রবণ প্রতিবন্ধীর ক্ষেত্রে ইএনটি বিশেষজ্ঞ, বুদ্ধিপ্রতিবন্ধীর জন্য নিউরোলজিস্ট) বা প্রতিবন্ধিতার স্বপক্ষে প্রদত্ত ডাক্তারি প্রত্যয়নপত্র;

২.০ বিশেষভাবে উল্লেখ্য, বর্ণিত কাগজপত্রসহ নির্ধারিত তারিখের মধ্যে (১০.০৩.২০২৬) শ্রুতিলেখকের চাহিদা উল্লেখ করে আবেদন না করলে শ্রুতিলেখক নিয়োগ করা সম্ভব হবে না।

৩.০ শ্রুতিলেখকের জন্য আবেদনকারীকে কেবল বাংলাদেশ সরকারী কর্ম কমিশন হতে অনুমোদিত শ্রুতিলেখকের সহায়তায় পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।


১৫/০২/২০২৬

মাসুমা আফরীন

পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]

ফোন: ৫৫০০৬৬৪৪

e-mail: e_cc@bpsc.gov.bd